শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 CERTIFIED

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com,Web Site: www.pbs2.pabna.gov.bd

২৩ মার্চ, ২০২৩ খ্রিঃ।

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০১৯.২৩- ১৫৫৯ তারিখঃ ০৯চৈত্র , ১৪২৯ বঙ্গাব্দ।

বিষয়ঃ এসপিসি পোল লোডিং ও আন-লোডিংসহ পরিবহণের জন্য কোটেশন (RFQ) প্রদানের পুণঃ অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র আহবান প্রসংগে। Tender Package No- W-22-23.08.37.003

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী RFQ পদ্ধতিতে এসপিসি পোল (আইটেম নং-আর-৪৩/৪৪) লোডিং ও আন-লোডিংসহ পরিবহণের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের তালিকাভূক্ত পরিবহণ ঠিকাদারগণের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত অনুরোধজ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

০১॥ দরপত্র গ্রহণ ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।
খ) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশীনাথপুর, পাবনা।

০২॥ দরপত্র গ্রহণের তারিখ ও সময় : ৩০/০৩/২০২৩ খ্রিঃ, সময় : বেলা ১১:০০ ঘটিকা।

০৩॥ দরপত্র খোলার তারিখ ও সময় : ৩০/০৩/২০২৩ খ্রিঃ, সময় : বেলা ১১:০৫ ঘটিকা।

| দরপত্র নং | কাজের বিবরণ | পরিমাণ | যে স্থান হতে পরিবহণ হবে | যে স্থানে পৌছাতে হবে | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| W-22-23 . 08.37.004 | এসপিসি পোল আইটেম নং-আর-৪৩/২২ সাইজ:-৩৫-৫/৬ | ১০০টি | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভবানীপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পোল ইয়ার্ড, আহম্মদপুর, কাশিনাথপুর, পাবনা। | | |
| | | | | | | |

শর্তাবলীঃ-

০১. এসপিসি পোল পরিবহণে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে **গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভবানীপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর** এ দেখা যাবে।

০২. দরপত্র বিজ্ঞপ্তির আলোকে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs2.pabna.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে।

০৩. কোটেশন দাখিল এবং পণ্য পরিবহণের জন্য কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৪. সিলমোহরকৃত খামে আগামী **৩০/০৩/২০২৩খ্রিঃ** তারিখ এবং সময় ১১:০০ ঘটিকায় কোটেশন ১নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে **গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভবানীপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর** হতে **পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পোল ইয়ার্ড, আহম্মদপুর, কাশিনাথপুর, পাবনা** পর্যন্ত **" এসপিসি পোল পরিবহণ ( লোডিং ও আনলোডিংসহ )"**এর জন্য কোটেশন এবং আগামী **৩০/০৩/২০২৩খ্রিঃ** তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না "লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণ যোগ্য হবে না।

০৫. প্রাপ্ত দরপত্র সমূহ **৩০/০৩/২০২৩খ্রিঃ** তারিখ বেলা ১১:০৫ ঘটিকায় সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তির অত্র পবিস'র ওয়ে সাইট **www.pbs2.pabna.gov.bd** এ দেখা যাবে।

০৬. কোটেশন দাখিলে নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৭. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-১ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উম্মুক্ত করা হবে।

০৮. পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানকে ইতিপূর্বে পোল পরিবহণ কাজে অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ দরপত্রের সাথে কার্যাদেশের ফটোকপি সংযুক্ত করে দাখিল করতে হবে।

০৯. **গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভবানীপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর** হতে **পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পোল ইয়ার্ড, আহম্মদপুর, কাশিনাথপুর, পাবনা** পর্যন্ত **এসপিসি পোল পরিবহণের ( লোডিং ও আনলোডিংসহ )** জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক পোল পরিবেহণের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে সন্তোষজনকভাবে পোল পরিবহণ সংক্রান্ত প্রত্যয়ন গ্রহন করতে হবে। সন্তোষজনকভাবে পোল পরিবহণের পর বিল দাখিল সাপেক্ষ্য একাউন্টপেয়ী চেকেরে মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

চলমান পাতা

১০. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে সন্তোষজনকভাবে পোল পরিবহণ সংক্রান্ত মেমো হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে টাকার অংশে পরিশোধ করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১১. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদ পত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি , এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

১২. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৩. উদ্ধৃত একক দর এবং মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৪. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১৫(পনের) দিনের মধ্যে মালামাল (পোল) পরিবহণ সম্পন্ন করতে হবে।

১৫. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল পরিবহণ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য মালামাল পরিবহণের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬. মালামাল/আইটেম এর পরিমান কম/বেশী হতে পারে এবং নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে জানা যেতে পারে।

১৭. পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ সকল কোটেশন বা পোল পরিবহণ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৬.০৩.২০২৬

( মোঃ মজিবুল হক )
জেনারেল ম্যানেজার।

**অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহঃ**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।
০৩। জেলা প্রশাসক, পাবনা।
০৪। পুলিশ সুপার, পাবনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, পাবনা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------------------------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, সিস্টেম অপারেশন ও বিতরণ, বাপবিবো, পাবনা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর/বেড়া/সাথিয়া,উপজেলা, পাবনা।
১০। ডেপুটি জেনারেল ম্যানেজার (সদর-কারিগরি/আতাইকুলা/বেড়া /সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
১১। সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), সাথিয়া/বাধেরহাট সাব জোনাল অফিস, পাবনা পবিস-২।
১২। এজিএম(অর্থ/সঃসেঃ/ওএন্ডএম/ইএন্ডসি), পাবনা পবিস-২।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), পাবনা পবিস-২ (ওয়েবসাইটে ও ই-মেইলে প্রকাশের নির্দেশনা প্রদানসহ ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের প্রমানক প্রিন্ট করে সংশ্লিষ্ট ফাইলে রাখার জন্য)।
১৪। নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।

২৬.০৩.২০২৬

( মোঃ মজিবুল হক )
জেনারেল ম্যানেজার ।